



**AUSTRALIAN HIGH COMMISSION  
BANGLADESH**

29 January 2020

**AUSTRALIA DAY RECEPTION 2020**

Acting Australian High Commissioner, Ms Penny Morton hosted a reception on 27 January 2020 to celebrate Australia Day. Distinguished guests included Bangladesh Members of Parliament, defence, police and Government officials, business and media representatives. Ms Morton welcomed the Chief Guest, Honourable Education Minister, Dr Dipu Moni, MP at the reception.

The reception celebrated the diversity of Australia’s people and cultures, including Australia’s indigenous people, one of the oldest continuous cultures in the world. Ms Morton expressed thanks for the offers of support from the Government of Bangladesh and many Bangladeshi friends around the world in response to the unprecedented bushfire season in Australia.

Ms Morton said, “Australia is no stranger to bushfire...the communities that have been affected are resilient and will bounce back, as they have before”.

As a multicultural country, Australia is built on diversity, inclusion and tolerance – these are values that Australia hold dear. The Australian High Commission also welcomed a group of transwomen from the Bandhu Social Welfare Society to perform the national anthems of Australia and Bangladesh. The group performs in various cultural programs at home and abroad to raise awareness and advocate for reducing discrimination on the basis of sexual orientation and gender identity.

---

Australian High Commission  
184 Gulshan Avenue, Gulshan 2, Dhaka 1212, Bangladesh

Email: [ahc.dhaka@dfat.gov.au](mailto:ahc.dhaka@dfat.gov.au) | website: [www.bangladesh.embassy.gov.au](http://www.bangladesh.embassy.gov.au)

## অস্ট্রেলিয়ার জাতীয় দিবস উৎযাপন

ভারপ্রাপ্ত অস্ট্রেলিয়ান হাই কমিশনার, মিস পেনি মর্টন সাতাশে জানুয়ারী অস্ট্রেলিয়া দিবস উৎযাপনের জন্য সংবর্ধনার আয়োজন করেন। বিশিষ্ট অতিথিদের মধ্যে বাংলাদেশের সংসদ সদস্য, প্রতিরক্ষা, পুলিশ ও সরকারী কর্মকর্তা, ব্যবসায়ী ও গণমাধ্যমের প্রতিনিধিরা ছিলেন। মিস মর্টন, অনুষ্ঠানে প্রধান অতিথি, মাননীয় শিক্ষামন্ত্রী, ডক্টর দিপু মনিকে স্বাগত জানান।

অনুষ্ঠানে, অস্ট্রেলিয়ার মানুষ এবং সংস্কৃতির বৈচিত্রতা উদযাপন করা হয় যার মধ্যে রয়েছে আদিবাসী অস্ট্রেলিয়ানরা, বিশ্বের অন্যতম প্রাচীন ধারাবাহিক সংস্কৃতির অংশ। মিস মর্টন, অস্ট্রেলিয়ায় অপ্রত্যাশিত দাবানলের প্রতিক্রিয়ায় বাংলাদেশ সরকার এবং বিশ্বজুড়ে অনেক বাংলাদেশী বন্ধুদের সহায়তার জন্য ধন্যবাদ প্রকাশ করেন।

মিস মর্টন বলেন, "অস্ট্রেলিয়া দাবানলের সাথে পরিচিত। যে কমিউনিটিগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে তারা অসম্ভব সহিষ্ণু এবং প্রতিকূল অবস্থা মোকাবেলা করে আগের অবস্থায় ফিরে যাবে।"

বহুসংস্কৃতির দেশ হিসাবে অস্ট্রেলিয়া বৈচিত্র্য, অন্তর্ভুক্তি এবং সহনশীলতার উপর নির্মিত – এই মূল্যবোধগুলো অস্ট্রেলিয়া অনেক মূল্যবান বলে মনে করে। অনুষ্ঠানে, অস্ট্রেলিয়ান হাই কমিশন আরো স্বাগত জানিয়েছে বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির উইমেনদেরকে যারা অস্ট্রেলিয়া ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করেছে। এই দলটি, লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে হওয়া বৈষম্য হ্রাস করার জন্য এবং সচেতনতা বাড়াতে দেশে এবং বিদেশে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান করে।